3 0 AUG 1990

তারিখ ...0 AUG 1990...
পৃষ্ঠা... ৪ ... কলাম ... ৪ ...

১৭

দৈনিক খবর

০৪

# ঢাকা ভার্সিটি ৫ জনকে পিএইচডি ২ জনকে এম ফিল দিয়েছে

একাডেমিক পরিষদের সুপারিশক্রমে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট পাঁচজন গবেষককে পিএইচডি ও অপর দুইজনকে এম ফিল ডিগ্রী প্রদান করেছে।

কলা অনুষদের অধীন বাংলা বিভাগের অধীনে মোঃ আসগর আলী সরকারকে তার 'তিরিশোত্তর বাংলা কবিতাঃ শিল্পরূপ বিচার'' শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য, বাংলা বিভাগের অধীনে মোঃ আবদুল হান্নানকে তার 'মনসা মংগল কাব্যে মতাদর্শগত বিরোধ ও শ্রেণী দ্বন্দ' শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য, বিজ্ঞান অনুষদের অন্তর্গত রসায়ন বিভাগের অধীনে মিসেস উম্মে কুলসুম রওজাতুর রুম্মানকে তার মেটাল কম্পাউন্ডস অব স্যাকারিন এন্ড রিলেটেড লিগান্ডস' শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য, বাণিজ্য অনুষদের অন্তর্গত হিসাব বিজ্ঞান বিভাগের অধীনে জনাব মোঃ মনিরুজ্জামানকে তার 'ওয়ার্কিং ক্যাপিটাল ম্যানেজমেন্ট মডেল ফর পাবলিক এন্টারপ্রাইজ ইন বাংলাদেশ এস্টাডি অব জুট এন্ড কটন টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ'' শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য, আইন অনুষদের অন্তর্গত আইন বিভাগের অধীনে মোঃ নুরুল হককে তার ''ইনকরপোরেশন অব ইংলিশ ইক্যুইটাবল প্রিন্সিপলস ইন বাংলাদেশ লেজিশলেসন'' শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য পিএইচডি ডিগ্রী প্রদান করা হয়।

বাংলা বিভাগের অধীনে পিএইচডি প্রাপ্ত দু'জন গবেষকের তত্ত্বাবধায়ক ছিলেন অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান। এছাড়া মিসেস উম্মে কুলসুম রওজাতুর রুম্মান, মোঃ মনিরুজ্জামান ও নুরুল হকের গবেষণা তত্ত্বাবধায়ক ছিলেন যথাক্রমে অধ্যাপক সৈয়দ জহীর হায়দার ও ডঃ এ কে মালিক, অধ্যাপক এম হাবিবুল্লাহ এবং অধ্যাপক কে এ এ কামরুদ্দীন। খবর বিজ্ঞপ্তির।